



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd



স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.০১৮.০৩.১২-১৩১

তারিখ: ২৫ মাঘ ১৪২৮ ব.
০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর স্মারক নং-৮০.০০.০০০০.১০৮.১২.০০৬.২২-৪৫, তারিখ: ০৩/০২/২০২২ খ্রি. মূলে সুপারিশের পরিপ্রেক্ষিতে এবং ‘মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮’-এর বিধি-৫ (১) অনুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা হতে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য হিসাবরক্ষণ কর্মকর্তার ০১ (এক)টি স্থায়ী শূন্য পদে নিম্নবর্ণিত কর্মকর্তাকে অস্থায়ী ভিত্তিতে হিসাবরক্ষণ কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রঃ নং	গ্রেডেশন নং	নাম ও বর্তমান পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম	চাকুরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী বেতনক্রম
০১.	০১	বাকু রহমান সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা	হিসাবরক্ষণ কর্মকর্তা	৯ম গ্রেড ২২,০০০-৫৩,০৬০/-

২। উক্ত পদোন্নতি তাঁর যোগদানের তারিখ হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে কার্যকর হবে:

- ‘মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮’-এর বিধি-৫ (১) মোতাবেক উক্ত কর্মকর্তা অস্থায়ীভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত ‘হিসাবরক্ষণ কর্মকর্তা’ পদে যোগদানের তারিখ হতে ০১ (এক) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকাল অতিরিক্ত আরও ০১ (এক) বছর বৃদ্ধি করতে পারবেন;
- শিক্ষানবিসের মেয়াদকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর পূর্বতন পদে প্রত্যাবর্তন (Revert) করতে পারবেন;
- সরকারের প্রচলিত বিধি অনুযায়ী শিক্ষানবিসকালের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং নিয়োগ বিধিমালায় বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকুরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে;
- এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৮/০২/২০২২

(জিনাত রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-৪৮১১১৭৪৪

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.০১৮.০৩.১২-১৩১

তারিখ: ২৫ মাঘ ১৪২৮ ব.
০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা (তাঁর কার্যালয়ের স্মারক নং- ৮০.০০.০০০০.১০৮.১২.০০৬.২২-৪৫, তারিখ: ০৩/০২/২০২২ খ্রি.-এর আলোকে সদয় অবগতির জন্য প্রেরিত হলো)।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৮। জনাব বাকু রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১১। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ১২। ব্যক্তিগত নথি।
- ১৩। সংশ্লিষ্ট নথি।